

**বিষয়: বাংলাদেশ বিষয়াবলি**

বিষয় কোডঃ ০০৫

সময়ঃ ৪ ঘণ্টা

পূর্ণমানঃ ২০০

**[দ্রষ্টব্য:- প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।]**

- ০১। (ক) প্রাচীন বাংলার রাঢ় জনপদের সংক্ষিপ্ত বিবরণ দিন। ৫  
(খ) চিরস্থায়ী বন্দোবস্ত কী? ৫  
(গ) আওয়ামী লীগের ছয় দফা কী কী? ৫  
(ঘ) ১৯৭০-এ আওয়ামী লীগের বিজয়ের মূল তাৎপর্য কী? ৫
- ০২। (ক) দক্ষিণ এশিয়ায় বাংলাদেশের ভৌগোলিক অবস্থান সংক্ষেপে ব্যাখ্যা করুন। ৫  
(খ) বঙ্গোপসাগরের অর্থনৈতিক গুরুত্ব কী? ৫  
(গ) বাংলাদেশের বনজ সম্পদের সংক্ষিপ্ত বিবরণ দিন। ৫  
(ঘ) তিস্তার পানি সংকটের পরিবেশগত প্রভাব সংক্ষেপে আলোচনা করুন। ৫
- ০৩। (ক) বাংলাদেশের গত পাঁচ বছরের ধারাবাহিক মোট দেশজ উৎপাদনের বা জিডিপি'র বিবরণ দিন। ৫  
(খ) রেমিট্যান্স খাত বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে কী অবদান রাখছে? ৫  
(গ) বাংলাদেশে শিল্পায়নের ক্ষেত্রে পাঁচটি প্রতিবন্ধকতা তুলে ধরুন। ৫  
(ঘ) সামাজিক উন্নয়ন সূচকে বাংলাদেশের অগ্রগতির একটি সংক্ষিপ্ত ধারণা দিন। ৫
- ০৪। (ক) বাংলাদেশে পরিবেশ বিপর্যয় দ্বারা আপনি কী বুঝেন? ৫  
(খ) আপনার দৃষ্টিতে বাংলাদেশের নদী দূষণের প্রধান কারণগুলো কি কি? ৫  
(গ) বাংলাদেশে বর্জ্য ব্যবস্থাপনার একটি চিত্র তুলে ধরুন। ৫  
(ঘ) ভবিষ্যতে সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি বাংলাদেশের জলবায়ুর ওপর কী প্রভাব ফেলতে পারে? ৫
- ০৫। (ক) বাংলাদেশ সংবিধানের ধর্মনিরপেক্ষতা সংক্রান্ত ১২ ধারাটি লিখুন। ৫  
(খ) বাংলাদেশ সংবিধানের ৭০ ধারায় আপনি কী ধরনের সংস্কার প্রস্তাব করবেন? ৫  
(গ) বাংলাদেশের সংবিধানের পঞ্চদশ সংশোধনীর পাঁচটি দিক উল্লেখ করুন। ৫  
(ঘ) সংসদীয় সরকার কিভাবে গঠিত হয়? ৫

- ০৬। (ক) বাংলাদেশের নির্বাচন কমিশন কিভাবে গঠিত হয়? এর প্রধান কাজ কি কি? ৫
- (খ) এটর্নি জেনারেলের কাজ কি কি? সংক্ষেপে আলোচনা করুন। ৫
- (গ) বাংলাদেশে ন্যায়পালের গুরুত্ব ব্যাখ্যা করুন। ৫
- (ঘ) ২০০১ সাল থেকে বাংলাদেশের সংসদ নির্বাচনের আইনে একজন সাংসদের জন্য নির্বাচনী ব্যয়ের একটি ধারাবাহিক পরিবর্তন চিত্র তুলে ধরুন। ৫
- ০৭। (ক) বাংলাদেশের প্রধানমন্ত্রীর সাংবিধানিক ক্ষমতার একটি বিবরণ দিন। ৫
- (খ) বাংলাদেশের আইন পরিষদের গঠন সম্পর্কে লিখুন। ৫
- (গ) বাংলাদেশের জাতীয় সংসদের কার্যক্রম পরিচালনায় Rules of Procedure-এর গুরুত্ব সংক্ষেপে লিখুন। ৫
- (ঘ) বাংলাদেশের উচ্চ আদালতের গঠন সম্পর্কে লিখুন। ৫
- ০৮। (ক) বাংলাদেশের পররাষ্ট্রনীতির মূলনীতিগুলো কি কি? ৫
- (খ) 'জাতীয় স্বার্থ সংরক্ষণই বাংলাদেশের পররাষ্ট্রনীতির মূল নির্ধারক' –ব্যাখ্যা করুন। ৫
- (গ) অর্থনৈতিক দিক থেকে জাতিসংঘ শান্তি মিশনে বাংলাদেশের অংশগ্রহণের গুরুত্ব সংক্ষেপে তুলে ধরুন। ৫
- (ঘ) BCIM দ্বারা কী বুঝায়? আঞ্চলিক সহযোগিতা বৃদ্ধিতে এর প্রধান তাৎপর্য ব্যাখ্যা করুন। ৫
- ০৯। (ক) বাংলাদেশে কোন ধরনের দল ব্যবস্থা রয়েছে? সংক্ষেপে ব্যাখ্যা করুন। ৫
- (খ) ১৯৫৫ সালে আওয়ামী মুসলিম লীগ থেকে 'মুসলিম' শব্দটি বাদ দেয়ার তাৎপর্য সংক্ষেপে ব্যাখ্যা করুন। ৫
- (গ) বাংলাদেশে রাজনৈতিক দলের কার্যাবলি সংক্ষেপে লিখুন। ৫
- (ঘ) ১৯৯১ সাল পরবর্তী সময়ে বাংলাদেশের বিরোধী দলীয় রাজনীতির উল্লেখযোগ্য বৈশিষ্ট্যগুলো কি কি? ৫

১০। টীকা লিখুন (যে কোন ৪টি)

৫×৪ =২০

- (ক) আন্তর্জাতিক শ্রমবাজার ও বাংলাদেশ,
- (খ) বাংলাদেশ ও বিশ্ব বাণিজ্য সংস্থা,
- (গ) বিশ্ব ক্রিকেট ও বাংলাদেশ,
- (ঘ) সরকারী চাকুরীতে কোটা,
- (ঙ) বাংলাদেশে প্রাইভেট-পাবলিক অংশীদারিত্ব,
- (চ) ই-গভর্নেন্স ও বাংলাদেশ,
- (ছ) বাংলাদেশের সমুদ্র বিজয়,
- (জ) বাংলাদেশের খনিজ সম্পদ।